



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৩৮০৪/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১১১৭০

তারিখ: ১৫-০৬-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ২২-০৫-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৫৯৯০))

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন গুটুদিয়া এ.সি.জি.বি মাধ্যমিক বিদ্যালয়ের দাখিলকৃত ম্যানেজিং কমিটি গঠনের অনিয়মের বিরুদ্ধে জনাব মো: রবিউল ইসলাম সানা একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৫-০৬-২০২২

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

উপজেলা নির্বাহী অফিসার

ডুমুরিয়া, খুলনা।

সংযুক্তি: অভিযোগের ছায়ািলিপি

নথি নং-বিঅ-৬/৩৮০৪/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১১১৭০ (৬)

তারিখ: ১৫-০৬-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, খুলনা।
- ২। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ডুমুরিয়া, খুলনা।
- ৪। প্রধান শিক্ষক, গুটুদিয়া এ.সি.জি.বি মাধ্যমিক বিদ্যালয়, গুটুদিয়া, ডুমুরিয়া, খুলনা।
- ৫। অভিযোগকারী, জনাব মো: রবিউল ইসলাম সানা (০১৯৯২-৫২৩১৪৪), গুটুদিয়া, ডুমুরিয়া, খুলনা।
- ৬। অফিস নথি।

১৫-০৬-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

তারিখ: ২২-০৫-২০২২ইং

বরাবর,
বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড
যশোর

বিষয়: খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার গুটুদিয়া এ.সি.জি.বি মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির অভিভাবক নির্বাচনে ভোট গননায় কারচুপি এবং সভাপতি নির্বাচনে অনিয়ম ও খেচ্ছা-চারিতার অভিযোগ।

জনাব,

যথা বিহীত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আমরা নিম্ন স্বাক্ষরকারী শিক্ষার্থী অভিভাবকগণ খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার গুটুদিয়া এ.সি.জি.বি মাধ্যমিক বিদ্যালয় (E.I.E.N-১১৬৯৬১) নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে অনুষ্ঠেয় সাধারণ অভিভাবক সদস্য ক্যাটাগরীর নির্বাচনে অংশ গ্রহণ করি। গত ১২-০৫-২০২২ ইং তারিখে অনুষ্ঠিত প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ওই নির্বাচনে ৪জন সদস্য নির্বাচনের বিপরীতে আমরা নিম্ন স্বাক্ষরকারী ৪ জন প্রার্থীসহ মোট ৭ জন প্রার্থী অংশ গ্রহণ করি। নির্বাচনের ভোট গ্রহণের দিনে অর্থাৎ গত ১২-০৫-২০২২ইং তারিখে আমরা আমাদের পক্ষ হতে পৃথক পৃথক ভাবে ভোট গ্রহণ কেন্দ্রে প্রতিনিধি বা এজেন্ট নিযুক্ত করি। ভোট গ্রহণ শেষে ফলাফল গণনা কালে আমরা নিম্ন স্বাক্ষরকারী প্রার্থীগণ ভোট গণনা কক্ষে স্ব-শরীরে উপস্থিত থাকতে চাইলে নির্বাচনের প্রিজাইডিং অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সেখা ফিরোজ আহমেদ আমাদের কে ভোট গণনা কক্ষে উপস্থিত থাকার অনুমতি না দিয়ে আইন বিধির অজুহাতে শশু আমাদের নিযুক্ত প্রতিনিধিদের (এজেন্ট) থাকার অনুমতি দেন। আমরা সরল বিশ্বাসে প্রিজাইডিং অফিসারের কথা মেনে আমাদের প্রতিনিধিদের ভোট গণনা কক্ষে নিযুক্ত করি। কিন্তু ভোট গণনার সময় তিনি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি প্রবিধিমালা-২০০৯ (সংশোধিতসহ) এর ২৫। ধারার সংশ্লিষ্ট উপ-ধারা অনুসরণ না করে প্রিজাইডিং অফিসার অনিয়ম ও খেচ্ছাচারি মূলক ভাবে বিদ্যালয়ের প্রধান শিক্ষক শংকর কুমার মন্ডল সহ তার অন্যান্য সহযোগীদের নিয়ে ভোট গণনা কার্যক্রম শুরু করেন। ভোট গণনা শুরুর আগেই তিনি আমাদের নিযুক্ত প্রতিনিধি বা এজেন্টদের কাছ থেকে স্বাক্ষর গ্রহণ করেন। এরপর তিনি বিধি অনুযায়ী আমাদের প্রতিনিধিদের (এজেন্ট) সন্মুখে ব্যালট বাজ না খুলে একটি নির্দিষ্ট দুরত্বে চেয়ার টেবিল নিয়ে বসে সেখানে তার সহযোগীদের নিয়ে ব্যালট পেপার খুলে প্রতিটি ব্যালট পেপারে প্রদত্ত ভোট প্রতিনিধিদের না দেখিয়ে খেচ্ছাচারি মূলক ভাবে ভোট গণনা করে ভোটের ফলাফল প্রস্তুত করেন। ব্যালট পেপারে প্রদত্ত ভোট কতগুলো বৈধ আর কতগুলো অবৈধ তার হিসাব আমাদের নিযুক্ত প্রতিনিধিরা দেখতে চাইলেও তিনি তা না দেখিয়ে বাহিরে এসে দ্রুত ফলাফল ঘোষণা করেন। আমাদের নিযুক্ত প্রতিনিধিগণ আমাদের কে ভোট গণনার ক্ষেত্রে অনিয়মের কথা জানালে বিষয়টি নিয়ে আমরা প্রিজাইডিং অফিসারের কাছে মৌখিক ভাবে পুনঃভোট গণনার আবেদন জানাই। কিন্তু তিনি আমাদের আবেদন অগ্রাহ্য করে নিয়ম বিধি অনুযায়ী নির্বাচনের ব্যালট পেপারসহ অন্যান্য সরঞ্জামাদি প্রধান শিক্ষকের হেফাজতে রাখার পরিবর্তে তিনি নিজে সাথে নিয়ে ভোট কেন্দ্র ত্যাগ করেন। আমরা সুনির্দিষ্ট ভাবে অভিযোগ করছি যে, নির্বাচনের প্রিজাইডিং অফিসার সেখা ফিরোজ আহমেদ, স্কুলের প্রধান শিক্ষক শংকর কুমার মন্ডল এবং আমাদের প্রতিদ্বন্দ্বী বিজয়ী ঘোষিত ৩ জন প্রার্থী (১)মোঃ ইজ্জাত আলী মোড়ল(২)মোঃ মাসুদ রানা সরদার(৩) মেহেদি হাসান মিন্টু কে পরস্পর যোগ সাজসে এবং অসং উদ্দেশ্যে নিয়ে তাদের বিজয়ী ঘোষণা করেন। ভোট গ্রহণের পরদিন থেকে একটানা ৩ দিন সরকারি ছুটি থাকায় গত ১৬-০৫-২০২২ তারিখে আমরা নির্বাচনের প্রিজাইডিং অফিসার এবং ডুমুরিয়া উপজেলা নির্বাহী অফিসার বরাবরে নির্বাচনে ঘোষিত প্রাথমিক ফলাফল স্থগিত করে পুনরায় ভোট গণনা করে ফলাফল ঘোষণার জন্যে লিখিত আবেদন জানাই। কিন্তু প্রিজাইডিং অফিসার আমাদের আবেদন কে উপেক্ষা করে ওই দিন অর্থাৎ ১৬-০৫-২০২২ ইং তারিখ দুপুর ১২ টার দিকে ম্যানেজিং কমিটির নির্বাচিত সকল সদস্যকে সভায় আহ্বান না করে তড়িঘড়ি করে সভাপতি নির্বাচন সম্পন্ন করেন। পরবর্তিতে কমিটি অনুমোদনের জন্যে প্রধান শিক্ষক বাবু শংকর রায় আপনার তথা বোর্ড কর্তৃপক্ষ বরাবরে আবেদন প্রেরণ করেছেন। আমাদের সু-নির্দিষ্ট অভিযোগ যে, ভোট গণনায় কারচুপি, অনিয়ম ও তক্ষকিপূর্ণতা রয়েছে। যা পুনরায় ভোট গণনার ব্যবস্থা করলে সত্যতা পাওয়া যাবে। এছাড়া কমিটির সভাপতি হিসেবে নির্বাচিত ও প্রস্তাবিত অভিভাবক ক্যাটাগরীর সদস্য সরদার মাসুদ রানা বিদ্যালয়ের চলমান আঙ্গায়ক কমিটির একজন মনোনিত সদস্য হিসেবে রয়েছেন। তিনি সদস্য থাকার সুবাদে আঙ্গায়ক কমিটির সভাপতি কাজি নুরুল ইসলাম এবং প্রধান শিক্ষক শংকর কুমার মন্ডল পরস্পর যোগ সাজসে বিদ্যালয়ের মালিকানাধীন একটি গীঘিবেড় পুকুর এর খননকৃত মাটি পাড়ে না রেখে বা কুলের প্রয়োজনে ব্যবহার না করে বে-আইনি ও নিয়ম বহির্ভূত ভাবে একটি ইট ভাটা কর্তৃপক্ষের কাছে বিক্রি করে দেন। বিষয়টি স্থানীয় উপজেলা প্রশাসনের দৃষ্টি গোচর হলে গত ০৯-০৫-২০২২ ইং তারিখে ডুমুরিয়া উপজেলা সহকারি কমিশনার(ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ মাসুদুর রশীদ এর ভ্রাম্যমান আদালত সরেজমিনে যেয়ে ম্যানেজিং কমিটির আঙ্গায়ক হিসেবে সেখানে উপস্থিত কাজি নুরুল ইসলাম কে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার টাকা) জরিমানা ধার্য করে আদায় করেন। সে কারণে ম্যানেজিং কমিটির সদস্য কর্তৃক নির্বাচিত ও সভাপতি হিসেবে প্রস্তাবিত সরদার মাসুদ রানা প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে আঙ্গায়ক কমিটির একজন মনোনিত সদস্য হিসেবে কুলের স্বার্থের পরিপন্থি বে-আইনি কাজে লিপ্ত থাকার অভিযোগে অভিযুক্ত বিধায় তিনি নিয়মিত কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পাওয়ার অযোগ্য বলে বিবেচিত হবেন।

এমতাবস্থায়, আপনার নিকট নিবেদন বিনীত নিবেদন এই যে, প্রস্তাবিত ম্যানেজিং কমিটি স্থগিত করে তদন্ত স্বাপেক্ষে সাধারণ অভিভাবক নির্বাচনে গৃহীত ভোটের ব্যালট পেপার পুনরায় বিধি সম্মত ভাবে গণনা করে ফলাফল প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থার নির্দেশনা দিতে আপনার সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক

১।মোঃ রবিউল ইসলাম সানা।

১৩-৫-২০২২

(প্রাথমিক ভাবে বিজয়ী ঘোষিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী)

মোবঃ ০১৯৯-২৫২০১৪৪

২। বায়েজিদ সরদার

১৩-৫-২০২২

(প্রতিদ্বন্দ্বী প্রার্থী)

৩। মোঃ মোফাজ্জল শেখ

১৩-৫-২০২২

(প্রতিদ্বন্দ্বী প্রার্থী)

৪। এস.এম. নাজমুল হদা

১৩-৫-২০২২

(প্রতিদ্বন্দ্বী প্রার্থী)

মোবঃ ০১৯৯৩৯১০৫৪৪৯৪

##সংযুক্তি ভোট

১) প্রিজাইডিং অফিসার কর্তৃক ঘোষিত ম্যানেজিং কমিটি নির্বাচনের ঘোষিত তফসীল।

২) ভোট গণনার প্রাথমিক ফলাফলের ফটোকপি।

৩) যশোর শিক্ষা বোর্ডের বিএসটিআই শাখার ২৩২৩২৪০০০০০৪৭ নম্বর হিসাবে সোনালী ব্যাংক লিঃ, ডুমুরিয়া, খুলনা শাখা হতে ২২/০৫/২২ ০৯০০০৬৫০৫৬

'সোনালী সেবা' নম্বরের মাধ্যমে জমাকৃত মোট ৫,০০৬/- (পাঁচ হাজার ছয়) মাত্র জমা স্লিপ।